কালের কণ্ঠ

তারিখ ১৩ SEP 2017
পৃষ্ঠা ৬ কলাম ১

আন্ত ক্যান্টনমেন্ট বিতর্ক

# আনোয়ার গার্লস ও মিরপুর ক্যান্টনমেন্ট কলেজ বিজয়ী

নিজস্ব প্রতিবেদক ▷

আন্ত ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল ও কলেজ সংসদীয় বিতর্ক প্রতিযোগিতা-২০১৭-এর আঞ্চলিক পর্যায়ের ফাইনাল গতকাল মঙ্গলবার অনুষ্ঠিত হয়েছে। ঢাকা ক্যান্টনমেন্ট গার্লস পাবলিক স্কুল ও কলেজে অনুষ্ঠিত এই প্রতিযোগিতায় স্কুল পর্যায়ে বিজয়ী হয় শহীদ বীর-উত্তম লে. আনোয়ার গার্লস স্কুল অ্যান্ড কলেজ এবং কলেজ পর্যায়ে বিজয়ী হয় মিরপুর ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল ও কলেজ।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঢাকা ক্যান্টনমেন্ট গার্লস পাবলিক স্কুল ও কলেজের পরিচালনা পর্ষদের সভাপতি ব্রিগেডিয়ার জেনারেল মো. ওয়াহিদ-উজ-জামান। স্পিকার হিসেবে প্রতিযোগিতাটি পরিচালনা করেন ডিবেট ফর ডেমোক্রেসির চেয়ারম্যান হাসান আহমেদ চৌধুরী কিরণ। স্বাগত বক্তব্য দেন ঢাকা ক্যান্টনমেন্ট গার্লস পাবলিক স্কুল ও কলেজের অধ্যক্ষ লে. কর্নেল মো. রেজাউল ইসলাম। আরো উপস্থিত ছিলেন আদমজী ক্যান্টনমেন্ট কলেজের অধ্যক্ষ ব্রিগেডিয়ার জেনারেল সৈয়দ আহমেদ আলী, শহীদ বীর-উত্তম লে. আনোয়ার গার্লস কলেজের অধ্যক্ষ কর্নেল মো. রশিদুল ইসলাম খান, মিরপুর ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল ও কলেজের অধ্যক্ষ লে. কর্নেল সৈয়দ এ কে সাব্বির আহমেদ, আদমজী ক্যান্টনমেন্ট পাবলিক স্কুলের অধ্যক্ষ লে. কর্নেল মো. মাসুদ রানা।ব্রিগেডিয়ার জেনারেল মো. ওয়াহিদ-উজ-জামান বলেন, বিতর্ক প্রতিযোগিতা জ্ঞানের প্রখরতা বাড়ায়, নৈতিকতা শিক্ষা দেয়, নিরপেক্ষ মানসিকতা তৈরি ও অন্যের মতের প্রতি শ্রদ্ধাশীল হতে সহায়তা করে। বিতর্কচর্চার মাধ্যমে আত্মবিশ্বাসী হয়ে ভবিষ্যৎ সুনাগরিক হিসেবে নিজেকে গড়ে তোলা সম্ভব। তাই বিতর্কচর্চাসহ এ ধরনের সাংস্কৃতিক কর্মকাণ্ড অব্যাহত রাখতে হবে।

হাসান আহমেদ চৌধুরী কিরণ বলেন, 'জঙ্গিবাদ থেকে ফিরিয়ে আনতে কিশোর-তরুণদের কাউন্সেলিং, সৃজনশীলতা, বৃত্তিমূলক শিক্ষা, খেলাধুলা, বিতর্ক প্রতিযোগিতাসহ বিভিন্ন সাংস্কৃতিক কর্মকাণ্ডে নিয়োজিত রাখতে হবে। এ জন্য অভিভাবক, শিক্ষকসহ সবাইকে সম্পৃক্ত করে জঙ্গিবিরোধী কার্যক্রম পরিচালনা করতে হবে। প্রতিযোগিতায় স্কুল পর্যায়ে শ্রেষ্ঠ বক্তা হয় শহীদ বীর-উত্তম লে. আনোয়ার গার্লস কলেজের দলনেতা মুনতাহা মাশিয়াত। কলেজ পর্যায়ের শ্রেষ্ঠ বক্তা হয় মিরপুর ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল ও কলেজের দলনেতা ইশরাত জাহান সেতু।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং........................
তারিখ........................
কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর